

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

সংবাদ বিবৃতি

‘মানুষের জন্য ফাউন্ডেশন’ এর নির্বাহী পরিচালক শাহীন আনাম এবং ‘বাঁচতে শেখা’ এর নির্বাহী পরিচালক এঞ্জেল গায়েজের বিরুদ্ধে মামলা দায়ের উদ্দেশ্যপ্রণোদিত ও হয়রানিমূলক : হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর গভীর উদ্বেগ ও তীব্র প্রতিবাদ

[২৫ সেপ্টেম্বর ২০২১, ঢাকা] হিন্দু সম্প্রদায়ের মধ্যে বিভেদ, ঘৃণা ও বিশৃঙ্খলা ছড়ানোর ভূয়া অভিযোগে ‘মানুষের জন্য ফাউন্ডেশন’ এর নির্বাহী পরিচালক শাহীন আনাম এবং ‘বাঁচতে শেখা’ এর নির্বাহী পরিচালক এঞ্জেল গায়েজের বিরুদ্ধে নারায়ণগঞ্জ চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে মিথ্যা ও বানোয়াট মামলা দায়ের করা হয়েছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ ঘটনায় গভীর উদ্বেগ জানাচ্ছে। ফোরাম মনে করে, মিথ্যা ও বানোয়াট অভিযোগে দায়েরকৃত এ মামলা উদ্দেশ্যপ্রণোদিত এবং সম্মানিত এই দুইজন নাগরিককে সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করার জন্য। ফোরাম এর তীব্র প্রতিবাদ জানাচ্ছে এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দায়িত্বশীল ভূমিকার ওপর জোর দিচ্ছে।

বিগত কয়েক সপ্তাহ ধরে একটি বিশেষ গোষ্ঠী অত্যন্ত সুপারিকল্পিতভাবে শাহীন আনাম, এঞ্জেল গায়েজ ও ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনামের বিরুদ্ধে নানা অপপ্রচার চালাচ্ছে এবং তাদের নানাভাবে হেনস্তা করছে। উল্লেখ্য, হিন্দু আইন প্রণয়নে নাগরিক উদ্যোগ নামক কোয়ালিশন এর আওতায় বাংলাদেশের হিন্দু নাগরিকদের সমান অধিকারের জন্য একটি খসড়া হিন্দু উত্তরাধিকার আইন প্রণয়ন করা হয়েছে। এ খসড়া প্রণয়নের সাথে কোনো একক সংগঠন সম্পৃক্ত নন, বরং যুক্ত রয়েছে জাতীয় ও জেলা পর্যায়ে অনেক মানবাধিকার সংগঠন ও ব্যক্তি। এ আইনের খসড়া প্রণয়নের সময় নানা পর্যায়ে অংশীজনদের সাথে মতবিনিময় করা হয়েছে, তাদের মতামত আইনে সংযুক্ত করা হয়েছে।

সমান অধিকার ও বৈষম্যহীনতা মূলনীতির উপর ভিত্তি করে হিন্দু আইন প্রণয়নে নাগরিক উদ্যোগ এ আইনের খসড়া প্রণয়ন করেছে। এ খসড়া আইনের উদ্দেশ্য হিন্দু সম্প্রদায়ের মধ্যে বিভেদ বা বিশৃঙ্খলা ছড়ানো নয় বরং হিন্দু নারীর মানবাধিকার নিশ্চিত করা। এ আইন প্রণীত হলে এটি দেশের দ্বিতীয় বৃহত্তম ধর্মাবলম্বী জনগোষ্ঠীর সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠা করবে। এমন মহতী উদ্যোগ গ্রহণ করার কারণে এ ধরনের অপ্রীতিকর পরিস্থিতি বা হেনস্তার শিকার হওয়া কোনোভাবেই কাম্য নয়। প্রস্তাবিত এ খসড়া আইন বিষয়ে ভিন্নমত থাকতেই পারে, তবে তা প্রকাশের মাধ্যম হতে হবে সংবিধান-সম্মত, ভিন্নমত সহিষ্ণুতার মানদণ্ড অনুসরণ করে, কোনোভাবেই হয়রানিমূলক মামলা দেয়া গ্রহণযোগ্য হতে পারে না। ফোরাম দ্রুততার সাথে এ মামলা প্রত্যাহার করার আহবান জানাচ্ছে। একইসাথে এমন অপপ্রচার এবং হয়রানিমূলক মামলা দায়ের রোধে ব্যবস্থা নেয়ার জন্য কর্তৃপক্ষের কাছে জোর দাবি জানাচ্ছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: <https://hrf-bd.org/>

Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

স্টিয়ারিং কমিটি সদস্য, এইচআরএফবি

১. গোলাম মনোয়ার কামাল, নির্বাহী পরিচালক, আসক এবং আহবায়ক, এইচআরএফবি;
২. শাহীন আনাম, নির্বাহী পরিচালক, মানুষের জন্য ফাউন্ডেশন;
৩. জাকির হোসেন, নির্বাহী প্রধান, নাগরিক উদ্যোগ;
৪. সারা হোসেন, অবৈতনিক নির্বাহী পরিচালক, বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট);
৫. রঞ্জন কর্মকার, নির্বাহী পরিচালক, স্টেপস টুওয়ার্ডস ডেভেলপমেন্ট;
৬. সঞ্জীব দ্রুং, মহাসচিব, বাংলাদেশ আদিবাসী ফোরাম;
৭. সালেহ আহমেদ, নির্বাহী পরিচালক, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি।

Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: <https://hrf-bd.org/>

Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).